## ২০২১

# চতুর্থ সেমেস্টার

# বাংলা - সাম্মানিক

পত্ৰ : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূৰ্ণমান - ৮০

প্রান্তলিখিত সংখ্যাণ্ডলি পূর্ণমান নির্দেশক। উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) ঘূর্ণিঝড় 'ইয়াসে'-র তাগুবে বিধ্বস্ত বাঙালির অন্যতম পর্যটনকেন্দ্র দিঘা— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

#### অথবা.

অথবা:

- ্খ) করোনা ভাইরাস সংক্রমণের ভয়াবহ পরিস্থিতিতে সাবধানতা অবলম্বন বিষয়ে একজন চিকিৎসকের সঙ্গে তোমার একটি কাল্পনিক সাক্ষাৎকার লেখো।
- ২। (ক) কলেজে ভর্তির জন্য সংবাদপত্রে প্রকাশযোগ্য একটি বিজ্ঞাপন তৈরি করো।

(খ) নিম্নলিখিত অংশটি বাংলায় অনুবাদ করো।

50

50

Once there were two kings. One of them had seven sons and the other had seven daughters. Though they were in different kingdoms and didn't know each other, they both decided it was time to get their offspring married. The king who had sons called his servants, gave them seven pictures of his seven sons, and asked them to search for proper well-born brides for each of them. The king who had seven daughters also called his servants, gave them pictures of his seven daughters, and sent them forth with orders to find suitable royal bridegrooms for them.

ত। (ক) গবেষণার আদর্শ বিন্যাসক্রম সম্পর্কে আলোচনা করো।

50

### অথবা.

(খ) কপিরাইট আইন কী? এই আইনের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো।

৩+৭

8। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও।

৫×৬

- (ক) প্রাতিষ্ঠানিক পত্র কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।
- (খ) ব্যক্তিগত পত্রের আঙ্গিক সম্পর্কে আলোচনা করে।

Please Turn Over

- (গ) সফল সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তগুলির পরিচয় দাও।
- ্ঘ) ভাবানুবাদকে নতুন সৃষ্টি বলা চলে কিনা আলোচনা করো।
- (৬) বিজ্ঞাপনের মাধ্যম বলতে কী বোঝো? বিজ্ঞাপনের বিভিন্ন মাধ্যমগুলি উদাহরণসহ উল্লেখ করো।
- (চ) গ্রেষণার সময় তথাসংগ্রহের উৎসগুলির পরিচয় দাও।
- ছ) গবেষণাকর্মে কবিতা থেকে উদ্ধৃতি প্রয়োগের নিয়মগুলি আলোচনা করো।
- (জ) পাদটীকা ও গ্রন্থপঞ্জির সংক্ষিপ্ত পরিচয় দাও।

## ৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

5×20

- (ক) প্রতিবেদন যিনি রচনা করেন তাঁকে কী বলা হয়?
- (খ) কোনো বিশেষ ঘটনার উপর মূল্যায়নভিত্তিক প্রতিবেদনকে কী নামে চিহ্নিত করা হয়?
- (গ) একটি প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?
- (ঘ) প্রতিবেদন তৈরির একটি মুখ্য বৈশিস্ট্যের উল্লেখ করো।
- (ঙ) পত্রের দৃটি শ্রেণির নাম লেখো।
- (চ) অধ্যক্ষের কাছে ছুটি চাওয়া কী প্রকারের পত্র?
- (ছ) বিজ্ঞাপনের একটি উদ্দেশ্য লেখো।
- (জ) 'পাত্র-পাত্রী চাই' কী ধরনের বিজ্ঞাপনের অন্তর্ভুক্ত?
- (ঝ) একটি দৃশ্য-বিজ্ঞাপনের উদাহরণ দাও।
- (এ) ইংরেজিতে ক্রিয়া (Verb) বাক্যের কোথায় বসে?
- (ট) Excess of greed is harmful বাংলায় অনুবাদ করো।
- (ঠ) One day all the pigeons were caught in a hunter's net বাংলায় অনুবাদ করো।
- (৬) গবেষণার ক্ষেত্রে একটি অলিখিত উপাদানের নাম লেখো।
- (ঢ) 'নামপত্ৰ' কী ?
- (৭) স্বাধীন ভারতবর্ষে কপিরাইট আইন কত খ্রিস্টাব্দে প্রবর্তিত হয়?
- (ত) বিদ্যাসাগরের 'ভ্রান্তিবিলাস' কোন গ্রন্থের অনুবাদ?
- (থ) কোনো পৃষ্ঠার শেষে ব্যবহৃত তথ্যের উৎস নির্দেশক অংশকে কী বলা হয়?
- (দ) সূত্র নির্দেশের ক্ষেত্রে পরের উল্লেখে পূর্বে উল্লিখিত একই গ্রন্থ, একই পৃষ্ঠাঙ্ক বোঝাতে বাংলায় কী সংকেত ব্যবহার করা হয়?
- (ধ) গ্রন্থপঞ্জিতে সংবাদপত্রের নাম কীভাবে উল্লেখ করা হয়?
- (ন) নির্ঘণ্ট গবেষণামূলক গ্রন্থের কোন অংশে থাকে?